

The Local Government (Upazila Parishad and Upazila Administration Reorganisation) (Repeal) Act, 1992

(১৯৯২ সনের ২ নং আইন)

Local Government (Upazila Parishad and Upazila Administration Reorganisation) Ordinance, 1982 রহিতকরণকল্পে প্রণীত আইন

যেহেতু Local Government (Upazila Parishad and Upazila Administration Reorganisation) Ordinance, 1982 (LIX of 1982) রহিতকরণ এবং তত্‌সম্পর্কিত বিষয়ে বিধানকরণ সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত শিরোনামা

১। এই আইন The Local Government (Upazila Parishad and Upazila Administration Reorganisation) (Repeal) Act, 1992 নামে অভিহিত হইবে।

LIX of 1982 এর রহিতকরণ

২। (১) Local Government (Upazila Parishad and Upazila Administration Reorganisation) Ordinance, 1982 (LIX of 1982), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্ত Ordinance রহিত হইবার সংগে সংগে-

(ক) উহার অধীনে গঠিত সকল Upazila Parishad অতঃপর বিলুপ্ত উপজেলা পরিষদ বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইবে;

(খ) বিলুপ্ত উপজেলা পরিষদের সকল সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব ও সুবিধাদি এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল দাবী ও অধিকার সরকারের উপর ন্যস্ত হইবে;

(গ) বিলুপ্ত হইবার পূর্বে বিলুপ্ত উপজেলা পরিষদের স্বার্থে উহার যে সকল ঋণ, দায় ও দায়িত্ব ছিল তাহা সরকারের ঋণ, দায় ও দায়িত্ব বলিয়া গণ্য হইবে;

(ঘ) বিলুপ্ত হইবার পূর্বে বিলুপ্ত উপজেলা পরিষদ কর্তৃক অথবা উহার বিরুদ্ধে যে সকল মামলা-মোকদমা চালু ছিল সেই সকল মামলা-মোকদমা সরকার কর্তৃক অথবা ক্ষেত্রমত সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা-মোকদমা বলিয়া গণ্য হইবে;